চুয়াডাঙ্গা পুলিশ লাইনে ব্যাডমিন্টন কোর্টের ভিত্তিপ্রস্তর কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে ইনডোর ব্যাডমিন্টন কোটের ভিত্তিপ্রস্তর ও কাজের উদ্ধোধন করেছেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সোমবার বেলা সাড়ে এগারো টার সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে “ইনডোর ব্যাডমিন্টন কোট” এর ভিত্তিপ্রস্তর সহ কাজের শুভ উদ্ধোধন করেন তিনি।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলা পুলিশে যোগদান করে একের পর এক অফিসার ও ফোর্সের কল্যাণমুখি কাজ করে চলেছেন। তাঁরই ধারাবাহিকতায় ক্রীড়ানুরাগী পুলিশ সুপার চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে “ইনডোর ব্যাডমিন্টন কোট” এর ভিত্তিপ্রস্তর সহ কাজের শুভ উদ্ধোধন করেন।

উদ্ধোধনকালে পুলিশ সুপার বলেন, শরীর ও মনের সুস্থতায় অবশ্য ব্যাডমিন্টন বেশ উপকারী। এক ঘণ্টা ব্যাডমিন্টন খেললে ৪৫০ ক্যালরি পোড়ানো সম্ভব। এই খেলা জেলা পুলিশের অফিসার ফোর্সের গতি বাড়াবে, শরীরটাকে ফিট রাখবে। বুদ্ধিতেও শাণ পড়বে। গড়ে উঠবে খেলোয়াড়সুলভ মানসিকতা। ব্যাডমিন্টন খেলতে গিয়ে দৌড়ঝাঁপ, ডাইভিং, ক্ষিপ্রতার সঙ্গে কর্কে আঘাত করার বিষয়টি পেশি ও সন্ধির দক্ষতা বাড়াবে।

এ ধরনের খেলায় রক্তে খারাপ চর্বির মাত্রা কমে, ভালো চর্বির মাত্রা বাড়ে। রক্তে শর্করার পরিমাণ কমে। ডায়াবেটিসের রোগীরা হাঁটার বদলে ব্যাডমিন্টনও খেলতে পারেন। রক্তচাপ নিয়ন্ত্রণে থাকবে। হৃদরোগের ঝুঁকি কমবে। সুস্থ ব্যক্তি খেলার অভ্যাস গড়ে তুললে পরবর্তী সময়ে তাঁদের এসব দীর্ঘমেয়াদি রোগ হওয়ার ঝুঁকি কমবে।

ব্যাডমিন্টন খেলার অভ্যাস সচল ও কর্মক্ষম থাকার পথে এগিয়ে দেবে। সচল থাকার মাধ্যমে হাড়ের ক্ষয় রোধ হবে। ব্যাডমিন্টন খেলায় সকলের দুশ্চিন্তা কমবে। প্রফুল্ল থাকতে পারবেন। সামাজিক যোগাযোগ বাড়বে। শরীরের প্রতিটি কোষে অক্সিজেন যাবে প্রচুর পরিমাণে। এন্ডরফিন নিঃসরণ বাড়বে, যার ফলে শরীরের ব্যথা কম অনুভব করবেন,

মানসিক চাপ কমবে এবং ঘুম ভালো হবে।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সগন।

দামুড়হুদায় অনির্দিষ্টকালের জন্য সকল পশুহাট বন্ধ ঘোষনা করেছে উপজেলা প্রশাসন

দামুড়হুদায় উপজেলা প্রশাসন জরুরী বৈঠক করে ডুগডুগি পশুহাট সহ উপজেলার সকল পশুহাট অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষনা করেছেন। হাট ইজারাদার সহ সংশ্লিষ্ট সকলকে সকলকে উক্ত আদেশ মেনে চলতে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য , ভারত সীমান্তবর্তী দামুড়হুদা উপজেলায় বর্তমানে করোনাভাইরাসের সবচেয়ে ঝুঁকিপূর্ন এলাকা হিসাবে চিহ্নিত হওয়ার পরও চালু ছিলো দক্ষিণ-পশ্চিম অন্চলের সর্ববৃহৎ ডুগডুগি পশুহাট সহ বেশ কয়েকটি পশুহাট। এসকল পশুহাট গুলোই সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত হাজার হাজার মানুষের উপস্থিতি।

এতো ঝুঁকিপূর্ন হওয়া সত্বেও প্রশাসনের পক্ষ থেকে পশুহাট বন্ধের কোন ঘোষনা করা হয়নি। এলাকাবাসী সহ সুধি মহলে চলেছে মিশ্র প্রতিক্রিয়া। অনেকেই কানাঘুষো করে বলেছেন পশুহাট গুলো কি করোনাভাইরাস মুক্ত ! অপরদিকে দামুড়হুদা উপজেলায় করোনাভাইরাস মহামারি আকার ধারন করেছে।

ইতিমধ্যে সীমান্তবর্তী কার্পাসডাঙ্গা ও পারকৃষ্নপুর মদনা ও কুড়ুলগাছি ইউনিয়নের কয়েকটি গ্রামকে লকডাউ ঘোষনা করেছেন উপজেলা প্রশাসন। করোনাই আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা দিন দিন বৃদ্ধি পেয়েছে। কঠোর নজরদারী রেখে চলেছে প্রশাসন। রাস্তায় রাস্তায় গাছের গুড়ি ফেলে ও বাঁশ বেঁধে দেয়া হয়েছে ব্যারিকেড। স্বাস্থ্য

বিধি মেনে চলতে মাইকে প্রচার চালানো হচ্ছে। গ্রামে গ্রামে ক্যাম্প বসিয়ে করোনার নমুনা সংগ্রহ চলছে। সকলের মুখে মুখে চলছে দামুড়হুদা উপজেলা প্রশাসনের প্রশংসা।

চুয়াডাঙ্গায় পরকীয়া করতে গিয়ে হাতেনাতে আটক সাইদুর রহমান

চুয়াডাঙ্গা সদরের হানুর বাড়াদি গ্রামের মাঝের পাড়া সোহেল রানার সহধর্মিনীর সাথে পরকীয়া করতে গিয়ে হাতেনাতে ধরা খেয়েছেন পাশের এলাকার শংকরচন্দ্র ইউনিয়নের শংকরচন্দ্র গ্রামের ঠাকুর পাড়া গ্রামের সাইদুর রহমান (৩০)।

স্থানীয় সূত্রে জানা গেছে, সাইদুর রহমান পিতা:হারুন-অর-রশিদ গ্রাম শংকরচন্দ্র ঠাকুরপাড় পেশায় একজন সাটারিং মিস্ত্রি তিনি দীর্ঘদিন যাবৎ পাশের গ্রামের হানুর বাড়াদি গ্রামের সোহেল রানার বাড়িতে যাতায়াত করতেন।

রবিবার বেলা সাড়ে তিন ঘটিকার সময় টাকা পরিশোধ করার নাম করে আসে সাইদুর রহমান এবং সুযোগ বুঝে সোহেল রানার সহধর্মিনীর ঘরে প্রবেশ করে এসময় এলাকাবাসীরা সন্দেহ মনে হলে তার বাড়িতে প্রবেশ করে এবং তাদেরকে হাতেনাতে ধরে।

এলাকাবাসীরা জানায় সোহেল রানার বাড়িতে সাটারিং মিস্ত্রি সাইদুর রহমান দীর্ঘদিন যাবৎ যাতায়াত করছেন এরই প্রেক্ষিতে সোহেল রানা সহধর্মিণীর সাথে তার গড়ে ওঠে পরকীয়া সম্পর্ক। পরে স্থানীয় লোকজন পরকীয়া সম্পর্কিত অভিযুক্ত ব্যক্তি সাইদুর রহমান কে পুলিশে সোপর্দ করে।

আলমডাঙ্গায় মাল্টা-বাগানে গাঁজা চাষ, ব্যবসায়ী আটক

আলমডাঙ্গায় মাদক বিরোধী বিশেষ অভিযান চালিয়ে দু’টি গাঁজা গাছসহ জমির আলি (৫৭) নামে এক গাঁজাচাষীকে আটক করেছে পুলিশ।

রবিবার দুপুর ১ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের ডেমসারের মাঠের মধ্যে মালটা বাগান থেকে ২টি গাঁজা গাছ উদ্ধার করে পুলিশ। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের মৃত মইজউদ্দিনের ছেলে জমির উদ্দীন।

গত ১ বছর পূর্বে বাড়ির পাশের ডেমসারের মাঠের মধ্যে মালটা লেবুর চাষ শুরু করে। এ সুযোগে সে বাগানের মধ্যে গাঁজা গাছ চাষও শুরু করে। বাগানের মধ্যে ২ টি গাঁজা গাছ প্রায় ১০/১২ ফিট উচ্চতা।

গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলম, এসআই জামাল, এসআই গাফ্ফার সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানে ডেমসারের মাঠের মধ্য থেকে ২ টি গাঁজা গাছসহ চাষীকে আটক করে।

এবিষয়ে আলমডাঙ্গা থানার ওসি ঢাকা আলমঙ্গীর কবির জানান, “গাঁজা বিক্রির উদ্দ্যেশে বাড়ির পাশের মাঠে মালটা লেবু বাগানের মধ্যে দু’টি গাঁজার গাছ লাগান জমির উদ্দিন । এরমধ্যে একটি গাঁজার গাছ ১০ ফিট ও আরেকটি ১২ ফিট উচ্চতা সম্পন্ন।

আলমডাঙ্গায় বজ্রপাতে কৃষক নিহত, পান বোরজ পুড়ে ভষ্মীভূত

আলমডাঙ্গার রুইথনপুর বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে। রবিবার বিকেলে এ ঘটনাটি ঘটে। নিহত কুরবান আলি রুইতনপুর গ্রামের মৃত ফকিরের ছেলে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের রুইতনপুর গ্রামের কুরবান আলি প্রতিদিনের ন্যায় রবিবার বিকেল সাড়ে ৪ টার দিকে নিজ জমিতে চাষ করছিলো। বিকেলে কালো মেঘের সাথে গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হয়। ওই বৃষ্টিতে বজ্রপাত সৃষ্টি হয়ে তার শরীরে আঘাত করলে ঘটনাস্থলে গুরুত্বর আহত হয় ।

স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে। এদিকে, আলমডাঙ্গায় রবিবার বিকেলে বজ্রপাতে পোলতাডাঙ্গা গ্রামের ফরেজুলের ছেলে খোকনের পান বোরজে বজ্রপাতে আঘাত করে। এতে, দুই কাঠা পানের বোরজ পুড়ে ভষ্মীভূত হয়।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় ইয়ুথ অ্যাসেম্বলির বৃক্ষরোপণ

চুয়াডাঙ্গায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ অ্যাসেম্বলির পক্ষ থেকে চুয়াডাঙ্গা সরকারি কলেজ সহ জেলার বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

রবিবার দুপুর সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ডঃ একেএম সাইফুর রশিদ এর প্রধান অতিথি হিসাবে এই কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন পরিবেশকে সুরক্ষিত রাখতে হলে আমাদেরকে সব সময় বেশি বেশি গাছ লাগাতে হবে এবং গাছকে যত্ন ও ভালবাসতে হবে। উক্ত বৃক্ষরোপণ কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক শফিকুল ইসলাম, আবু বক্কর সিদ্দিক, ফরহাদ হোসেন, চুয়াডাঙ্গা ইয়ুথ অ্যাসেম্বলির সমন্বয়কারী আব্দুস সালাম সৈকত,উপ- সমন্বয়কারী হোসনে আরা হাসি, চুয়াডাঙ্গা ইয়ুথ অ্যাসেম্বলির সভাপতি তৌফিক হোসেন, সাধারণ সম্পাদক মাশরাফি বিন মুর্তজা সহ ইয়ুথ অ্যাসেম্বলি সদস্যগণ।তালগাছ কৃষ্ণচূড়া পেয়ারা

লেবু গাছ সহ মোট ২০০ টি বৃক্ষ চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে রোপন করা হয় ।

চুয়াডাঙ্গা ইয়ুথ অ্যাসেম্বলি পক্ষ থেকে এই কার্যক্রমের ধারা অব্যাহত থাকবে বলে তারা জানান।

চুয়াডাঙ্গায় করোনা নিয়ন্ত্রিত কমিটির করণীয় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় করোনার প্রাদুর্ভাব কমানো এবং চুয়াডাঙ্গা করোনা পরিস্থিতি আরও উন্নত কিভাবে করা যায় সেই বিষয়ে সভা ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কার্যালয়ের সম্মেলন কক্ষে। কোভিড-১৯ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত জেলা পর্যায়ের কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকাল সাড়ে পাঁচ ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন সম্মেলন কক্ষে এই কর্মশালায় করণীয় সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, চুয়াডাঙ্গা যেহুতু ভারত থেকে আসা বাংলাদেশি নাগরিকদের কোয়ারেন্টাইন নিশ্চিত করা হচ্ছে সেক্ষেত্রে চুয়াডাঙ্গা জেলা খুবই ঝুঁকিপূর্ণ বা রেড জোন এলাকা হিসেবে চিহ্নিত হয়েছে। চুয়াডাঙ্গায় যে সকল এলাকা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেশি হচ্ছে সেই সকল এলাকার রেড জোন হিসেবে ঘোষণা করে যে বাড়িতে করোনা আক্রান্ত ব্যক্তি থাকবে সেই বাড়িটি খালি লকডাউন করা হবে বাকি পুরো এলাকা সরকারি বিধি নিষেধ অনুযায়ী কার্যক্রম পরিচালিত হবে। সেসকল এলাকার জনপ্রতিনিধিগণ এবং প্রশাসনের লোকজন লকডাউন করা বাড়ি সার্বিক দিক দিয়ে ব্যবস্থাপনা ও খেয়াল রাখবে। করোনা আক্রান্ত এলাকার সকল প্রকার চায়ের দোকান বন্ধ থাকবে।

এসময় তিনি আরো বলেন করোনা আক্রান্ত ব্যক্তির বাড়িতে লাল পতাকা টানিয়ে দেয়া হবে। যেহেতু চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার করোনা প্রকোপ সবথেকে ভয়াবহ বেশি সেহেতু পরিস্থিতি স্বাভাবিক না

হওয়া বা জেলা প্রশাসন কর্তৃক নির্দেশনা প্রদান না করা পর্যন্ত ডুগডুগির হাট সম্পূর্ণভাবে বন্ধ থাকবে এবং দামুড়হুদা উপজেলায় রেড জোন এলাকা গুলোতে চলাচল সীমিত করা হবে।

উক্ত করোনা নিয়ন্ত্রণ কমিটির করণীয় সম্পর্কিত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌরসভার পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন,চুয়াডাঙ্গা সহ তিন উপজেলার নির্বাহী অফিসারগণ, চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি ইসরাত জাহান, চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগের পক্ষে উপস্থিত ছিলেন ডাঃ আওলিয়ার রহমান চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আরএমও ডা.ফাতেহ্ আকরাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ এস এম শামসুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এবিএম রবিউল ইসলাম সহ চুয়াডাঙ্গা জেলা পর্যায়ের করোনা নিয়ন্ত্রিত কমিটির সকল সদস্যগণ।

মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে এক শিশুর মৃত্যু

দামুড়হুদায় গোবিন্দপুর মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে রায়হান নামের একশিশু পানিতে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে।

রবিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলি ইউনিয়নের গোবিন্দপুর গ্রামে নানার বাড়িতে বেড়াতে এসে এই দুর্ঘটনার শিকার হয় ।

জানা গেছে দামুড়হুদার লোকনাথপুর গ্রামের পশ্চিম পাড়ার মৃত মতি মিয়ার ছেলে রায়হান (১১)। লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ ম শ্রেণির ছাত্র।

স্থানীয় লোকজন সূত্রে জানা গেছে রবিবার সকালের দিকে

গোবিন্দপুরগ্রামে নানার বাড়িতে বেড়াতে আসে রায়হান। পরে সকাল ১১ টার দিকে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে রায়হান মৃত্যু বরণ করেন, এসময় স্থানীয় লোকজন দেখতে পেয়ে দর্শনা স্টেশন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তাদের খবর দিলে তক্ষণিক এসে মাথাভাঙ্গা নদী থেকে রায়হান এর মরদেহ উদ্ধার করে। এবং পরিবারের নিকট হস্তান্তর করেন বলে জানান দর্শনা স্টেশন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তাগন।

এই দিকে রায়হান এর মৃত্যুতে এলাকায় নেমে আসে শোকের ছায়া ।

দর্শনা পৌর বিএনপির সিনিয়ার সহসভাপতি বুলেট সড়ক দুর্ঘটনায় আহত

দর্শনা পৌর বিএনপির সিনিয়ার সহসভাপতি হাবিবুর রহমান বুলেট সড়ক দুর্ঘটনায় আহত হয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি আছে। শুক্রবার সন্ধ্যার দিকে কাঠ ব্যবসায়ী বিএনপি নেতা হাবিবুর রহমান বুলেট দর্শনা শ্যামপুর জোড়া বটতলায় এ দুর্ঘটনা ঘটে। বুলেট পরাণপুর গ্রামে মৃত আব্দুল ওহাব মন্ডলের ছেলে।

জানা গেছে শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে দর্শনা শ্যামপুর জোড়া বটতলায় মোটর সাইকেল যোগে আসছিল। এসময় স্বজোরে একটি পাখী ভ্যান পিছন থেকে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে সে মারাত্মক জখম হয়।

বুলেটের পায়ের কিছু অংশ বিছিন্ন হয়ে গেছে বলে জানা যায়। এসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করে।

দামুড়হুদায় বিবাহিত বনাম অবিবাহিত ফুটবল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদার শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামে দামুড়হুদা দাস পাড়া যুব সমাজের উদ্যোগে বিবাহিত বনাম অবিবাহিত ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকালে দামুড়হুদা সদর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের মেম্বার পদপ্রার্থী নওশাদ আলীর সৌজন্যে এ খেলা অনুষ্ঠিত হয়। উক্ত ফুটবল খেলায় বিবাহিত দল ১-০ গোলে অবিবাহিত দলকে পরাজিত করে। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলেদেন উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি সমাজ সেবক ও মেম্বার পদপ্রার্থী এবং দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নওশাদ আলী, বিশেষ অতিথি দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম-সাধারন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, সাংবাদিক আলী আজগর সোনা ও সাংবাদিক মিরাজ হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ। খেলাটি পরিচালনা করেন ইউসুফ আলী, নুরুল ইসলাম, ও সহিদ আজম সদু প্রমুখ